

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস

**গতকাল পর্যন্ত কোন
অসুধারী গ্রেফতার
হয়নি**

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)
জাতীয়তাবাদী ছাত্রদলের
অভ্যন্তরীণ কোমন্ডের জের হিসেবে
(শেষ পৃঃ ৮-এর কঃ মঃ)

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস

(১ম পাতার পর)

গতকাল বৃহস্পতিবারও ঢাকা বিশ্ববিদ্যালয়ে উদ্ভেজনা বিরাজ করে। তবে গতকাল ক্যাম্পাসে কোন বোমাবাজি বা গুলীবর্ষণের শব্দ শোনা যায়নি।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আহ্বান সত্ত্বেও পুলিশ গতকাল পর্যন্ত কোন অসুধারীকে গ্রেফতার করতে পারেনি।

প্রত্যক্ষদর্শীরা জানান, অসুধারী এবং বহিরাগতরা এখনো বিশ্ববিদ্যালয়ের মুহসীন, সূর্যসেন, জসীমউদ্দীন ও জিয়াউর রহমান হলে অবস্থান করছে।

নাম প্রকাশে অনিচ্ছুক জসীমউদ্দীন হলের একজন ছাত্র জানান, এই হলে পুলিশের সামনে অসুধারীরা প্রকাশ্যে ধোরাফেরা করলেও পুলিশ তাদের গ্রেফতার করেনি।

সরকার দায়ী

ইউএনবি জানায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গী পরিষ্কৃতি নিয়ে গত বুধবার অনুষ্ঠিত বিএনপি নির্বাহী কমিটির সভায় আলোচনা করা হয়। সভায় বিএনপি নেতৃবৃন্দ ক্যাম্পাসে সৃষ্ট সমস্যার জন্য সরকারকেই দায়ী করেন।

অপর এক সূত্রে জানা গেছে, গতকাল ক্যাম্পাস পরিষ্কৃতি নিয়ে বিএনপি চেয়ারম্যান বেগম খালেদা জিয়ার সাথে ডাকসু নেতৃবৃন্দের বৈঠক অনুষ্ঠিত হয়।

ক্যাম্পাস পরিষ্কৃতি নিয়ে আলোচনার জন্য আগামী শনিবার সকাল ১০টায় বিএনপি কেন্দ্রীয় কার্যালয়ে ছাত্রদলের কেন্দ্রীয় আহ্বায়ক কমিটিসহ নেতৃবৃন্দের বৈঠক অনুষ্ঠিত হবে।